দৈনিক বাংলা

তারিখ ... 13 JUL 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

183

জাঃ নগর ভার্সিটি
শিক্ষকদের সাক্ষাৎ

# ক্যাম্পাসে শান্তি বজায় রাখুন ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ওপর জোর দিয়েছেন। বুধবার রাতে আন্তর্জাতিক সম্মেলন

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **প্রধানমন্ত্রী**

কেন্দ্রে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কয়েকজন সিনেট সদস্য ও শিক্ষকদের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি বলেন, তার সরকার দেশের শিক্ষার মান আরও উন্নত করতে সকল প্রচেষ্টা অব্যাহত রেখেছে। খবর বাসসর।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এনামুল হক খান ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মুস্তাহিদুর রহমানের নেতৃত্বে শিক্ষক ও সিনেট সদস্যরা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নেত্রীত্বের প্রতি তাদের পূর্ণ আস্থা প্রকাশ করেন। তারা বিএনপি সরকারের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচীর প্রশংসা করে বলেন, 'আমরা সরকারের উন্নয়নের অগ্রযাত্রায় আমাদের সমর্থন ও সহযোগিতা দিয়ে যাব।'

শিক্ষক ও সিনেট সদস্যরা বলেন, প্রধানমন্ত্রী খালেদা জিয়া সরকারের উন্নয়নমূলক ও অর্থনৈতিক কার্যক্রম তাদের মধ্যে ব্যাপক আশার সঞ্চার করেছে। তারা দেশকে অগ্রগতির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বেগম জিয়ার গতিশীল নেত্রীত্বের প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী দেশকে সবদিক থেকে স্বাবলম্বী করতে সহযোগিতা করার জন্য শিক্ষক সমাজসহ সকলের প্রতি আহবান জানান। শিক্ষকদের মধ্যে প্রতিনিধি দলে ছিলেন অর্থনীতি বিভাগের অধ্যাপক আব্দুল হাই, রসায়ন বিভাগের আব্দুল আউয়াল ও গণিত বিভাগের অধ্যাপক আব্দুল মালেক।

শিক্ষামন্ত্রী জমির উদ্দীন সরকার ও আমানউল্লাহ আমান এমপি এ সময় উপস্থিত ছিলেন।